

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের প্রাক্কলিত সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্র: নং-৩। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। ক্লোরিনেশন সিস্টেমের জন্য মালামাল, স্প্যার পার্টস ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৫। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of materials & spare parts with related services for chlorination systems কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৫ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টিটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগারের ক্লোরিনেশন সিস্টেমে ৪.০ কিলোওয়াট ১৬.২ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতার ২ সেট বুস্টার পাম্প মোটর, ২টি ভ্যাকুয়াম রেগুলেটর, ২টি ইনজেক্টর, হেডার পাইপ লাইন, হিটর, কানেকটিং পাইপ, আইসোলেশন ভাল্ব এসেম্বলী সেট প্রভৃতি মালামাল রয়েছে। মালামালগুলো দীর্ঘদিন ধরে ক্লোরিনেশন সিস্টেমে ব্যবহৃত হচ্ছে। সেই কারণে ক্লোরিন গ্যাসের প্রভাবে বিভিন্ন সময় আইসোলেশন ভাল্ব এসেম্বলী সেট, ভ্যাকুয়াম রেগুলেটর, ইনজেক্টর, ডেলিভারী লাইন ও কানেকটিং পাইপে ত্রুটি দেখা দিচ্ছে। ক্লোরিনেশন সিস্টেমে ত্রুটি দেখা দেওয়ায় ল্যাবের নির্দেশিত মাত্রায় ডোজিং করা যায় না। ফলে পয়ঃশোধিত পানির কোয়ালিটিতে প্রভাব পড়ে। সেই কারণে ক্লোরিনেশন সিস্টেম মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের জন্য মালামাল ও স্প্যার পার্টস প্রয়োজন। এছাড়া অত্র প্লান্টে ৫০ কেজি ক্যাপাসিটির ক্লোরিন গ্যাস সিলিন্ডার রয়েছে। প্রতিটি সিলিন্ডারে ১টি করে সিলিন্ডার ভাল্ব রয়েছে। গ্যাস রিফিলিং ও ক্লোরিনেশন সিস্টেমে সিলিন্ডার ব্যবহারের ফলে সিলিন্ডার ভাল্ব এর থ্রেট নস্ট হয়ে ভাল্ব ব্যবহারের অনুপযোগী হয়ে যায়। সেই কারণে সিলিন্ডার রিফিলিং এর সময় ভাল্ব পরিবর্তন করে পুনরায় সিলিন্ডার ব্যবহারের উপযোগী করতে হয়। বর্তমানে অত্র বিভাগে সিলিন্ডার ভাল্ব এর মজুদ সীমিত। সেই কারণে ক্লোরিনেশন সিস্টেমের জন্য মালামাল ও স্প্যার পার্টস ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে “Supply of materials & spare parts with related services for chlorination systems” শীর্ষক ক্রয় কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৭,২৭০.০০ (চার লক্ষ সাতানব্বই হাজার দুইশত সত্তর) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের “খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)” (কোড ০১-০৪-০২৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৭; প্যাকেজ নং-GSP1 হতে নির্বাহ করা যেতে পারে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯০(১) অনুসরণে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(আরএফকিউ, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG1 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of materials & spare parts with related services for chlorination systems” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৯০(১) ধারা মোতাবেক কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(আরএফকিউ, ই-জিপি) তে দরপত্র আহবানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৭,২৭০.০০(চার লক্ষ সাতানব্বই হাজার দুইশত সত্তর) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের “খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)” (কোড ০১-০৪-০২৫) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


সম্প্রতি নিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


সম্প্রতি নিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

১৪/০৫/২০২৪

১৪/০৫/২০২৪


১৪/০৫/২০২৪
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।